# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪০৪০

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/২৫. কিয়ামতের আলামতসমূহ

بَاب أَشْرَاطِ السَّاعَةِ

আরবী

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ، وَأَبُو هِشَامٍ الرِّفَاعِيُّ مُحَمَّدُ بْنُ يَزِيدَ قَالاَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، حَدَّثَنَا أَبُو حَصِينٍ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ كَهَاتَيْنِ " . وَجَمَعَ بَيْنَ إِصْبَعَيْهِ .

বাংলা

১/৪০৪০। আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি এবং কিয়ামত এমনভাবে প্রেরিত হয়েছি, এই বলে তিনি তাঁর দুইটি আংগুল একত্র করলেন।

## English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: “I and the Hour have been sent like these two,” and he held up his two fingers together.

ফুটনোট

সহীহুল বুখারী ৬৫০৫। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু হিশাম আর-রিফাঈ মুহাম্মাদ বিন ইয়াযীদ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বুরকানী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি দুর্বল, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন ও সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি নির্ভরযোগ্য নন। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৭০৩, ২৭/২৪ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবু হিশাম এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২৭৩ টি শাহিদ হাদিস রয়েছে, ৩৯ টি খুবই দুর্বল, ৮০ টি দুর্বল, ৫৬ টি হাসান, ৯৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৪৯৩৬, ৫৩০১, ৬৫০৩, ৬৫০৪, ৬৫০৫, মুসলিম ৮৭০, ২৯৫১, ২৯৫৩, তিরমিযি ২২১৩, ২২১৪, দারিমী ২৭৫৯, আহমাদ ১১৮৩৬, ১১৯১৩, ১১৯২৫, ২২৩৫৪, ২২৪৩৭, মু'জামুল আওসাত ৪৯৬৭, ৫৮০১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45005

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন